

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৬]

৯. নামাথের সময় (كتاب مواقيت الصلاة)

পরিচ্ছেদঃ নামায গুনাহসমূহের কাক্ফারা

باب الصَّلاَةُ كَفَّارَةُ

আরবী

الله عَنِ ابْنِ مَسْعُودٍ: أَنَّ رَجُلا أَصَابَ مِنِ امْرَأَةٍ قُبْلَةً، فَأَتَى النَّبِيَّ فَأَخْبَرَهُ، فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى: ﴿ أَقِمِ الصَّلاةَ طَرَفَي النَّهَارِ وَزُلَفًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ ﴾ قَالَ الرَّجُلُ: يَا رَسُولَ اللَّهِ، أَلِي هَذَا؟ قَالَ لِجَمِيعِ أُمَّتِي كُلِّهِمْ. (بخارى: الله مَا الله مِنْ الله مَا الله مِنْ الله مَا الله مِنْ الله مَا ال

বাংলা

৩২৩) আবদুল্লাহ ইবনে মাসঊদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ জনৈক ব্যক্তি একজন মহিলাকে চুম্বন করেছিল। অতঃপর সে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে এই অন্যায় কাজ সম্পর্কে সংবাদ দিলে আল্লাহ তাআলা এই আয়াত নাযিল করেনঃ

"আর দিনের দুই প্রান্তে নামায প্রতিষ্ঠা করবে এবং রাতের প্রান্তভাগেও। সৎ কাজ অবশ্যই পাপসমূহকে দূর করে দেয়। (সূরা হুদঃ ১১৪) লোকটি আরজ করল হে আল্লাহর রাসূল! এ বিধান কি আমার জন্যই নির্দিষ্ট? তিনি বললেনঃ আমার উম্মাতের সকলের জন্যই এ বিধান।

অপর বর্ণনায় এসেছে, আমার উম্মতের মধ্যে যে লোক উক্ত আয়াত অনুযায়ী আমল করবে তার জন্য এ সুসংবাদ।

English

As-Salat (the prayers) is expiation (of sins)

Narrated Ibn Mas`ud:

A man kissed a woman (unlawfully) and then went to the Prophet (ﷺ) and informed him. Allah revealed: And offer prayers perfectly At the two ends of



the day And in some hours of the night (i.e. the five compulsory prayers). Verily! good deeds remove (annul) the evil deeds (small sins) (11.114). The man asked Allah's Messenger (), "Is it for me?" He said, "It is for all my followers.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন